গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ ভবন**
পরিবেশ অধিদপ্তর, ই/১৬ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd / www.ozonecellbd.com

পত্র সংখ্যা ঃ পরিবেশ/ওডিএস(লাইসেন্স)/৯১৫(৩২তম খন্ড)/২০০৫-৮৬ তারিখ ঃ ০১ জুলাই ২০২৪ খ্রিঃ

বিষয় ঃ **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ২০২৪ সালের জরুরী আমদানি ও রপ্তানি লাইসেন্স এবং ২০২৪ সালের ৩য় কিস্তি এইচএফসি আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত লাইসেন্স কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
স্থান ঃ সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময় ঃ ০১লা জুলাই, ২০২৪; সকাল ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কমিটির সদস্য/কর্মকর্তাদের তালিকা ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক) মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
খ) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
গ) জনাব মোঃ মহিউদ্দিন মানিক, উপ-পরিচালক ও প্রকল্প পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

০২। পটভূমি ঃ

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানি, রপ্তানি ও এইচএফসি-এর আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সদস্য-সচিবকে সভার পটভূমি ও আলোচ্যসূচিসমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব সভার এজেন্ডা অনুযায়ী একে একে বিষয়াদি উপস্থাপন করেন।

এজেন্ডা-১

মন্ট্রিল প্রটোকল মাল্টিলেটারেল ফান্ডের HPMP Stage-II প্রকল্প অনুমোদনের শর্তানুযায়ী ২০২৪ সালে বাংলাদেশের আমদানি কোটা ২৬.৫০ ওডিপি টন। তন্মধ্যে বিগত এপ্রিল ২০২৪ সময়ে ২৬.২৬৫ ওডিপি টন বরাদ্দ করা হয় এবং বিশেষ জরুরী প্রয়োজন মোকাবিলার জন্য ০.২৩৫ ওডিপি টন অবশিষ্ট রাখা হয়েছে। উক্ত অবশিষ্ট ০.২৩৫ ওডিপি টন হতে সচরাচর আমদানি হয় না বা বাজারে পাওয়া যায় না এমন কোন ওডিএস আমদানির প্রয়োজন হলে জরুরী কোটা হতে বরাদ্দের সুযোগ রয়েছে।

এজেন্ডা-২

মন্ট্রিল প্রটোকল অনুযায়ী রিকভারকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে কোন বিধি নিষেধ নাই। তাই বাংলাদেশের চট্টগ্রামে অবস্থিত ভাটিয়ারিতে জাহাজ ভাঙ্গার সময় রিকভারকৃত ৫.২০ মেট্রিক টন হ্যালন রপ্তানির জন্য একটি আবেদন পাওয়া গিয়াছে। উল্লেখ্য, ২০২৪ সালে একবার উক্ত কোম্পানিকে ৫.২০ মেট্রিক টন রপ্তানির জন্য অনুমোদন দেওয়া হয়। তারা উক্ত পরিমান রপ্তানি করেছে। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১৪) অনুযায়ী এ ধরনের রপ্তানির সুযোগ রয়েছে।

এজেন্ডা-৩

মন্ট্রিল প্রটোকলের কিগালি সংশোধনী অনুযায়ী ২০২২ সাল হতে এইচএফসি-এর আমদানি লাইসেন্স প্রদান করা হয়। প্রটোকলের আওতায় এইচএফসি-এর আমদানি ও ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা '৬ক'-তে ক্ষমতাবলে ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ১৮টি তালিকাভূক্ত এইচএফসি অথবা এর মিশ্রণের আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, মজুদ বা বিতরণের নিমিত্তে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট হতে লাইসেন্স গ্রহণ

বাধ্যতামূলক করে প্রজ্ঞাপন (এসআরও নং-৪০ আইন/২০২১) জারি করা হয়। প্রটোকল অনুযায়ী ২০২০, ২০২১ ও ২০২২ সালের গড় আমদানির উপর ভিত্তি করে বাংলাদেশের ভিত্তি পরিমাণ নির্ধারিত হয়েছে ৫৪,৭৩,৫৩২ টন $CO_2$ (GWP) সমপরিমান। ২০২৪ সালে উক্ত পরিমানের বেশী এইচএফসি দ্রব্যাদি আমদানি ও ব্যবহার করা যাবে না।

২০২৪ সালে এইচএফসি-এর ৩য় কিস্তি আমদানির জন্য মোট ৪৮টি আবেদনপত্র জমা পড়েছে, যা ১৪,৪১,১১৫.৬০ $CO_2$ সমপরিমান। আমদানিকারকগণ R-134a, R-410A, R404A, R-407C, R-32 ও R-507 আমদানির জন্য আবেদন করেছে।

২০২৪ সালের জানুয়ারি মাসে এইচএফসি-এর ১ম কিস্তি বরাদ্দের সময় ৩,৩৩,৭৪৩ $Co_2$ সমপরিমান ও ২য় কিস্তি ২৬,৬৯,৬০২ $Co_2$ সমপরিমান অর্থাৎ মোট ৩,০০৩,৩৪৫ $CO_2$ সমপরিমান সমপরিমান এইচএফসি বরাদ্দ করা হয়। তাই দ্বিতীয় কিস্তি দেওয়ার পর ২৪,৭০,১৮৭ $CO_2$ সমপরিমান অবশিষ্ট রয়েছে।

উক্ত ৪৮টি আবেদনপত্রের জন্য মেসার্স রাফি এন্টারপ্রাইজ নামক আমদানিকারক প্রতিষ্ঠানের ৪টি আবেদন রয়েছে। তারা R-410A, R-134a, R-32 এবং R-407C নামক রিফ্রিজারেন্ট আমদানির জন্য আবেদন করেছে। কিন্তু উক্ত প্রতিষ্ঠান বিগত সময় আমদানিকৃত রিফ্রিজারেন্ট R-407C অন্য নাম R-22 নামে বাজারজাত কওে বলে বাংলাদেশ রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশন (ব্রামা) এবং ঢাকা রিফ্রিজারেশন স্পেয়ার পার্টস ব্যবসায়ী সমবায় সমিতি কর্তৃক পরিবেশ অধিদপ্তরকে লিখিত ভাবে অবহিত করে। এছাড়া, বিগত ১৪ জুন ২০২৪ তারিখের ডেইলি ষ্টার পত্রিকা হতে জানা যায় যে, কাষ্টমস কর্তৃপক্ষ কর্তৃক মেসার্স নিশাত ট্রেডার্স-এর আমদানিকৃত গ্যাস সিলিন্ডার জব্দ করা হয়েছে। পত্রিকায় প্রকাশিত বিবরণ অনুযায়ী বিভিন্ন রেফ্রিজারেন্টের নামে ফল্স ডিক্লারেশন দিয়ে Fake গ্যাস আমদানি করা হয়েছে। এই প্রতিষ্ঠান R-32 ও R-410 এইচএফসির জন্য আবেদন করেছে। এমতপ্রেক্ষিতে, উক্ত মেসার্স রাফি এন্টারপ্রাইজ এবং মেসার্স নিশাত ট্রেডার্সের আবেদনসমূহ বিবেচনা করা যায় কিনা এ বিষয়ে আলোচনা প্রয়োজন।

০৩। আলোচনাঃ

৩.১। এজেন্ডা-১

মেসার্স সৈয়দ গ্যাস এন্ড কেমিক্যালস-এর আবেদনকৃত ১.১০ মে. টন R-123 কোথায় ব্যবহৃত হবে এ ব্যাপারে সভাপতি মহোদয় জানতে চাইলে ওজোন সেলের প্রকল্প সমন্বয়ক জানান যে, আমদানিকারক সূত্রে জানা গেছে উক্ত রিফ্রিজারেন্ট বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস-এর সেন্ট্রাল চিলার-এ ব্যবহারের জন্য আমদানি করা হবে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনাপূর্বক ঔষধ শিল্পের চিলার মেরামতের জরুরী প্রয়োজন বিবেচনায় মেসার্স সৈয়দ গ্যাস এন্ড কেমিক্যালস-এর আবেদনটি বিবেচনা করা যায় মর্মে সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্তঃ** সভায় সর্বসম্মতিক্রমে মেসার্স সৈয়দ গ্যাস এন্ড কেমিক্যালস লিমিটেড-কে ১.১০ মে. টন R-123 আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হলো। উক্ত লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

৩.২। এজেন্ডা-২

রপ্তানির জন্য আবেদনকারীর আবেদন বিবেচনার বিষয়ে ইনষ্টিটিউশন্যাল স্ট্রেংদেনিং প্রকল্পের প্রকল্প পরিচালক জানতে চান যে, উক্ত প্রতিষ্ঠান রিকভারির মাধ্যমে সংগৃহীত হ্যালন-১৩০১ রপ্তানির বিষয়ে আমদানিকারী দেশের অনুমতি পেয়েছে কিনা জানতে চাইলে ওজোন সেলের প্রকল্প সমন্বয়ক জানান যে, রপ্তানিকারক প্রতিষ্ঠান মেসার্স এম. আর. ট্রেডিং এ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছে। রপ্তানিকারী প্রতিষ্ঠান কি পরিমাণ হ্যালন সংগ্রহ করেছে তা জানানোর জন্য এ সংক্রান্ত তথ্যাদি পরিবেশ অধিদপ্তরে প্রেরণ করার জন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানকে অনুরোধ করা যেতে পারে। সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন এবং শর্তযুক্ত রপ্তানি লাইসেন্স প্রদানের ব্যাপারে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ** সভায় সর্বসম্মতিক্রমে মেসার্স এম. আর. ট্রেডিং-কে ৫.২০ মে. টন হ্যালন-১৩০১ রপ্তানির অনুমতি প্রদানের সুপারিশ করা হলো। উক্ত লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

৩.৩। এজেন্ডা-৩

এইচএফসি-এর কোটা বরাদ্দের বিষয়ে আলোচনা শুরু হলে পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) ২০২৪ সালে কোটা নির্দিষ্ট থাকায় এবং সারা বছর যেন সরবরাহ নিশ্চিত থাকে, তাই ৩য় কিস্তিতে সকল আবেদনকারীর আবেদন বিবেচনা করার জন্য সভাকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং মেসার্স রাফি এন্টারপ্রাইজ ও মেসার্স নিশাত ট্রেডার্স-এর আবেদনসমূহ আপাততঃ বিবেচনা না করা এবং অন্যান্য আবেদনকারীর আবেদনসমূহ যথাযথ থাকলে আমদানিকারকদের চাহিদা অনুযায়ী এইচএফসি বরাদ্দের সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মেসার্স রাফি এন্টারপ্রাইজ এবং নিশাত ট্রেডার্স-এর অনুকূলে লাইসেন্স প্রদান আপাততঃ স্থগিত করার সুপারিশ করা হলো।

৩.৪। ক) সিদ্ধান্ত ঃ অতঃপর সভার সদস্যগণ আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে তৃতীয় কিস্তি ২০২৪ সালের এইচএফসি লাইসেন্স বরাদ্দের ক্ষেত্রে সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত পরিমাণে এইচএফসি আমদানির লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | GWP |
|---|---|---|---|---|---|
| ক) উৎপাদনকারী প্রতিষ্ঠান | | | | | |
| ১. | Elite Hitech Industries Limited | Plot-6613, Korpai, Burichong, Cumilla | R-410A | 51.528 | 107564.700 |
| ২. | Elite Hitech Industries Limited | Plot-6613, Korpai, Burichong, Cumilla | R-32 | 10.830 | 7310.250 |
| ৩. | Cooling Point Engineering Services | Khaserchar Bazar, Dhalla Bazar, Singair, Manikganj | R-410A | 38.985 | 81381.188 |
| ৪. | Minister Hi-Tech Park Electronics Ltd. | 337, Narayanpur, Kashigonj, Trishal, Mymensingh | R-410A | 12.882 | 26891.175 |
| খ) বাণিজ্যিক প্রতিষ্ঠান | | | | | |
| ৫. | Whizz Air-Conditioning & Communication Systems Ltd. | 114 Kazi Nazrul Islam Avenue, Rupayan Trade Center, Floor-15, Suite-7, Banglamotor, Dhaka | R-407C | 12.535 | 22235.210 |
| ৬. | Whizz Air-Conditioning & Communication Systems Ltd. | 115 Kazi Nazrul Islam Avenue, Rupayan Trade Center, Floor-15, Suite-7, Banglamotor, Dhaka | R-404A | 12.995 | 50961.192 |
| ৭. | Dewan Electric & Co. | Shop-9, Plot-22, Rob Super Market, Gulshan-2, Dhaka | R-134a | 7.888 | 11279.840 |
| ৮. | Shajib Enterprise | 56, Monihar Clasic (3rd Floor), Shantinagar, Dhaka | R-134a | 15.640 | 22365.200 |
| ৯. | Shajib Enterprise | 56, Monihar Clasic (3rd Floor), Shantinagar, Dhaka | R-410A | 38.985 | 81381.188 |
| ১০. | JBR Trade International | Arkan Road, Bahardarhat, Chadgaon, Chattogram | R-134a | 15.640 | 22365.200 |
| ১১. | Cooltech Enterprise | 201, Shaheed Syed Nazrul Islam Avenue, Dhaka | R-410A | 25.990 | 54254.125 |
| ১২. | KRS | 51, BCC Road, Bikrampur Autoparts Market, Wari, Dhaka | R-134a | 15.640 | 22365.200 |
| ১৩. | KRS | 51, BCC Road, Bikrampur Autoparts Market, Wari, Dhaka | R-407C | 12.995 | 23051.181 |
| ১৪. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-134a | 19.040 | 27227.200 |
| ১৫. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-407C | 2.260 | 4008.901 |
| ১৬. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-404A | 2.180 | 8549.088 |
| ১৭. | Sezan Enterprise | 29 No. Joginogor Lane, Wari, Dhaka | R-410A | 5.650 | 11794.375 |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | GWP |
|---|---|---|---|---|---|
| ১৮. | N.N Enterprise | 205/D, Rahman Mansion, Sholokbahar, Chattogram | R-134a | 15.640 | 22365.200 |
| ১৯. | Syed Industries Limited | 82, Motijheel C/A, Dhaka | R-410A | 12.882 | 26891.175 |
| ২০. | Syed Industries Limited | 82, Motijheel C/A, Dhaka | R-134a | 15.504 | 22170.720 |
| ২১. | Syed Gas & Chemicals Limited | 82, Motijheel C/A, Dhaka | R-407C | 6.000 | 10643.100 |
| ২২. | Syed Gas & Chemicals Limited | 82, Motijheel C/A, Dhaka | R-404A | 5.200 | 20392.320 |
| ২৩. | Syed Gas & Chemicals Limited | 82, Motijheel C/A, Dhaka | R-134a | 31.008 | 44341.440 |
| ২৪. | Syed Gas & Chemicals Limited | 82, Motijheel C/A, Dhaka | R-32 | 5.000 | 3375.000 |
| ২৫. | Syed Gas & Chemicals Limited | 82, Motijheel C/A, Dhaka | R-410A | 25.764 | 53782.350 |
| ২৬. | Al-Ammar Enterprise | 219-220 Nawabpur Road,Gausia Plaza, Dhaka | R-407C | 6.497 | 11524.703 |
| ২৭. | Al-Ammar Enterprise | 219-220 Nawabpur Road,Gausia Plaza, Dhaka | R-134a | 7.820 | 11182.600 |
| ২৮. | Al-Ammar Enterprise | 219-220 Nawabpur Road,Gausia Plaza, Dhaka | R-32 | 5.463 | 3687.188 |
| ২৯. | Al-Ammar Enterprise | 219-220 Nawabpur Road,Gausia Plaza, Dhaka | R-404A | 6.268 | 24578.628 |
| ৩০. | Sanjida Refrigeration's | 7/A, Larmini Street, Wari, Dhaka | R-134a | 16.320 | 23337.600 |
| ৩১. | Sanjida Refrigeration's | 7/A, Larmini Street, Wari, Dhaka | R-407C | 6.441 | 11425.368 |
| ৩২. | Samiya Refrigeration | 49/3, Sha Shaheb Lane, Dhaka | R-404A | 6.213 | 24364.901 |
| ৩৩. | Samiya Refrigeration | 49/3, Sha Shaheb Lane, Dhaka | R-410A | 6.213 | 12969.638 |
| ৩৪. | Sobuz Traders | T-137/1, Bir Uttam AK Khandokar Road, Badda, Dhaka | R-410A | 25.990 | 54254.125 |
| ৩৫. | Sara Corporation | 19 Bagichartech, West Rampura, Dhaka | R-134a | 7.752 | 11085.360 |
| ৩৬. | Saiful Refrigeration & Engineering Works | GA-7/3, 1st Floor 2B, Chan bebe Road, Shahjadpur, Gulshan, Dhaka-1212 | R-404A | 6.213 | 24364.901 |
| ৩৭. | Saiful Refrigeration & Engineering Works | GA-7/3, 1st Floor 2B, Chan bebe Road, Shahjadpur, Gulshan, Dhaka-1213 | R-407C | 6.555 | 11627.587 |
| ৩৮. | Saiful Refrigeration & Engineering Works | GA-7/3, 1st Floor 2B, Chan bebe Road, Shahjadpur, Gulshan, Dhaka-1214 | R-410A | 6.441 | 13445.588 |
| ৩৯. | Saiful Refrigeration & Engineering Works | GA-7/3, 1st Floor 2B, Chan bebe Road, Shahjadpur, Gulshan, Dhaka-1215 | R-32 | 5.415 | 3655.125 |
| ৪০. | Aziz Trade & Engineering Limited | 58/Kha, Tejturi Bazar Chak (West Raja Bazar), Dhaka | R-404A | 10.900 | 42745.440 |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | GWP |
|---|---|---|---|---|---|
| ৪১. | Aziz Trade & Engineering Limited | 58/Kha, Tejturi Bazar Chak (West Raja Bazar), Dhaka | R-407C | 11.300 | 20044.505 |
| ৪২. | Aziz Trade & Engineering Limited | 58/Kha, Tejturi Bazar Chak (West Raja Bazar), Dhaka | R-507A | 11.300 | 45030.500 |
| | | | সর্বমোট | **571.761** | **11,38,270.27** |

খ) ২০২৪ সালের তৃতীয় কিস্তি বরাদ্দের পর মোট ১৩,৩১,৯১৬.৭৩ $Co_2$ সমপরিমান অবশিষ্ট থাকবে যা ভিত্তি পরিমানের ২৪.৩৩%।

গ) এইচএফসি আমদানি লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৭/২০২৪
(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপপরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য-সচিব

০১/০৭/২৪
(মোঃ মাইউদ্দিন মানিক)
উপপরিচালক ও
প্রকল্প পরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

০১/০৭/২৪
(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

০১/০৭/২০২৪
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

০১/০৭/২০২৪
(মোঃ ছিদ্দিকুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহবায়ক